

# খরগোশের আত্মগ্যান

[blackhash.weebly.com](http://blackhash.weebly.com)

সংগ্রহে: **BlackHash Team**

খরগোশদের এক সভায় সেদিন তাদের নিজেদের দুর্দশা নিয়ে আলোচনা হল। তারা বলল, জীবন তাদের একেবারেই নিরাপদ নয়, সবসময় ভয়ে ভয়ে চলতে হয়। কাকে না ভয় পায় তারা, মানুষ, কুকুর, ঈগল এ ছাড়া আরও কতও জন্তু তাদেরকে শিকারের জন্য ওৎ পেতে আছে। সবসময় তাদের ভয়ে ভয়ে থাকতে হয়। এভাবে, বেচে থাকার চেয়ে মৃত্যুবরণ করা অনেক ভাল। এই সব আলচনার পর তারা সিদ্ধান্ত নেয় তারা পুকুরে গিয়ে ডুবে মারা যাবে। ডাঙায় পুকুরের কিনারে তখন অনেক ব্যাঙ। তারা খরগোশগুলোকে দেখেই ভয়ে পানিতে লাফিয়ে পরল। ব্যাঙগুলোর এই কাণ্ড দেখার পর দেখে খরগোশরা বলল, দেখেছ! আমাদের চেয়েও বেশি ভয় করে চলতে হয় এদের। সুতরাং, আমাদের মিছিমিছি মরতে যাওয়ার দরকার নেই।

উপদেশ: সহসা কিছু করতে নেই।

বন্ধুরা, তোমরা আরও মজার মজার গল্প ও কমিক ডাউনলোড করতে পার ও তোমার নিজের গল্প আমাদের পাঠাতে পার, এজন্য ভিজিট করো [blackhash.weebly.com](http://blackhash.weebly.com)